# জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখঃ | ঃ | ৩০/০১/২০২৪ খ্রি.। |
| সময় ঃ | | দুপুর ১২:০০ ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ২৮/১২/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুর নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার দু:খ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটিালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | অফিসার,উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, ভ্যাকসিন কার্যক্রম, খোর্দ্দ ভুতছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রম, প্রান্তিক খামারীদের মাঝে ফ্রি মেডিকেল ক্যাম্প এর মাধ্যমে চিকিৎসা সেবা কার্যক্রম,খামারি পর্যায়ে ঘাঁসচাষ সম্প্রসারন, গবাদিপ্রাণী ও হাঁস-মুরগীর চিকিৎসা কার্যক্রম, উঠান বৈঠক ও খামারি প্রশিক্ষণ কাজ চলমান । তিনি আরো জানান যে, আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ৪১ জন উপকারভোগীর মাঝে বিনামূল্যে ছাগল বিতরণ প্রকল্পের ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা বরাদ্দের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের জীবনমান উন্নয়নের জন্য ছাগল বিনামূল্যে বিতরণের লক্ষ্যে উপজেলা উন্নয়ন তহবিল হতে =২,০০,০০০/- (দুই লক্ষ)টাকা আরএফকিউ মাধ্যমে প্রকল্প সমাপ্ত করে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, জাটকা ইলিশ সংরক্ষন অভিযান চলমান আছে। অত্র মাসে রাজস্ব বাজেটের আওতায় ৪০ জন মৎস্য চাষিদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য সংরক্ষন আইন বাস্তবায়ন অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় অনান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

<table>
<tr><td rowspan="4">৫.</td><td rowspan="4">ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা।</td><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td><td rowspan="4">উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>ডিসেম্বর/২০২৩</td><td>৩৩৬</td><td>৬৬</td><td>৬৩২</td><td>১০</td><td>১০৩</td><td>০২</td><td>১০</td><td>১১৫৯</td></tr>
<tr><td colspan="9">১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে.মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমূলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫ উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৪ জন।<br>৬ ।বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে, কাউনিয়া নন্দীগঞ্জ টেপামধুপুর রোড (১৮৫৪২২০০৩) এর চেইনেচ ৩১৫ ও ৮১০০ এর নির্মিত ১৫টি এবং ৩০ মিঃএর ব্রীজের ম্যানডেজ ম্যাট্রিরিয়াল নিলামের মাধ্যমে বিক্রয় করা প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসা পরিত্যক্ত ঘোষণা হওয়ায় নতুন ভবন নির্মার্ণের জন্য সয়েল টেষ্ট ও সার্ভে করে বরাদ্দের জন্য প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। এতে প্রায় লক্ষাধিক টাকার প্রয়োজন। | সভায় আলোচনান্তে কাউনিয়া নন্দীগঞ্জ টেপামধুপুর রোড (১৮৫৪২২০০৩) এর চেইনেচ ৩১৫ ও ৮১০০ এর নির্মিত ১৫টি এবং ৩০ মিঃএর ব্রীজের ম্যানডেজ ম্যাট্রিরিয়াল প্রাক্কলণ করে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাস ভবন নির্মাণের জন্য সয়েল টেষ্ট ও সার্ভে ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল(বাসাবাড়ী)খাত হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, সারা দেশের ন্যয় অত্র উপজেলাতেও গত ০১ জানুয়ারি/২০২৪ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। আগামী ১৫ ফেব্রুয়ারি/২০২৪ থেকে এস.এস.সি, দাখিল, এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা শুরু হবে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, ২০২৫ সালের বইয়ের চাহিদা তৈরি করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়াও তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভি ডব্লিউ বি কার্যক্রমের জানুয়ারি মাসের বরাদ্দ না থাকায় খাদ্য উপ বরাদ্দ প্রদান করা হয় নাই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী মাসে প্রতান করা যেতে পারে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নির্ধারিত পরিমান উপকারভোগীর নাম প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে অনুমোদন করা হবে। অতি দ্রুত নাম প্রেরণের জন্য অনুরোধ করা হয়। শিশু শ্রম নিরসনের লক্ষে কারখানা ও শিশু শ্রমিকের তথ্য দ্রুত দেয়ার জন্য অনুরোধ করা হয়। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২৩ ইং মাসে ২টি ব্যাচে ৬০ জন যুবক ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই মাসে আত্মকর্মে ০৭ (সাত) জন যুবককে কর্মসংস্থানে নিয়োজিত করা হয়েছে। যুব উন্নয়ন কর্মকর্তা আরো জানান যে, ডিসেম্বর/২০২৩ ইং মাসে পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আওতায় ৪০ (চল্লিশ) জন যুবকে ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা যুব ঋণ বিতরন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। । | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোথাও কোনো সমস্যা নাই। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া, রংপুর সভায় জানান যে, সিংহেরকুড়া চাউলিটারি হতে গদাধর মৌজার মসজিদ পর্যন্ত ২.০ কিমি সংযোগ সড়ক বাগানে গাছ মার্কিং ও পরিমাপ কাজ শেষ হয়েছে। এর প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় কার্যালয়ে জমা করা হবে। সিংহেরকুড়া হতে আমতলা বাজার পর্যন্ত ৪.০ কি.মি এবং বেসরকারি কৃষি কলেজ হতে বড়ুয়াহাট পর্যন্ত ৪.০ কি.মি বাগানের উপকারভোগী সভাপতিকে গাছের মধ্যস্থানে রেজিং করার কাজের নির্দেশ দেওয়া হয়েছে। কাজ শেষ হলে নাম্বার ও পরিমাপ করে বিভাগীয় বন কার্মকর্তার দপ্তরে টেন্ডারের জন্য জমা করা হবে। বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল জনসাস্থ্য(অতিঃদাঃ), সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি পানির উৎসের কাজ, কমিউনিটি বেঞ্চ পাইপ ওয়াটার সাপ্লাই ১৮ টি, মুজিব বর্ষের গৃহহীনদের মাঝে নিরাপদ পানি সরবরাহ ০১টি ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৩ টি ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | ডিসেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়ধীন তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর তথ্যকেন্দ্র,কাউনিয়া, রংপুরে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা তথ্য কেন্দ্র,সেবা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

<u>বিবিধ বিষয়:</u>

| | | | |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের টিপু মুন্শি অডিটরিয়ামে সামনের সারির বসার জন্য কয়েকটি সোভা তৈরী করা প্রয়োজন। এছাড়া বিভিন্ন দিবসে দিনে গন্যমান্য ব্যক্তির বসানো জন্য হাতা ওয়ালা উন্নতমানের কুশন চেয়ার ভাড়া করতে হয়। চেয়ার ক্রয় করা হলে আর ভাড়া করা প্রয়োজন হবে না, টিপু মুনশি অডিটরিয়ামে ০১টি ডায়াট তৈরী করা প্রয়োজন, উপজেলা নির্বাহী অফিসারের বাসার অফিসে সরকারিভাবে ডাইনিং টেবিল আছে কিন্তু বসার জন্য চেয়ার নেই কমপক্ষে ০৬টি কাঠের চেয়ার তৈরী করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসে জনবল বেশী হওয়ায় কর্মকর্তা/ কর্মচারীর পর্যাপ্ত টেবিল নেই, পুরাতন ০২টি টেবিল থাকলেও নষ্ট অবস্থায় রয়েছে মেরামত করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে উপজেলা পরিষদের টিপু মুন্শি অডিটরিয়ামে হাতা ওয়ালা উন্নতমানের কুশন চেয়ার ক্রয়,০১টি ডায়াস তৈরী,উপজেলা নির্বাহী অফিসারের বাসার অফিসের জন্য ০৬টি কাঠের টেবিল এবং পুরাতন ০২টি টেবিল মেরামত করে আরএফকিউ মাধ্যমে প্রকল্প গ্রহণ করে রাজস্ব তহবিল আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদে মাসিক সমন্বয় সভায় প্রতিমাসে অনুষ্ঠিত হয়ে থাকে কিন্তু পর্যাপ্ত পরিমান রান্না করা এবং খাবারের জন্য উন্নত মানের প্লেট নেই,এছাড়া টি রুমে জিনিস পত্র ক্রয় করা, ইলেকট্রি যন্ত্রপাতি নেই এগুলো যদি ক্রয় করা হয় তবে হোটেল হতে খাবার ক্রয় করার প্রয়োজন হবে না। সভায় এবিষয়ে সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে উপজেলা পরিষদে মাসিক সমন্বয় সভায়, বিভিন্ন সময়ে অনুষ্ঠানাদি অনুষ্ঠানের সুবিধার দিক বিবেচনা করে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি আরএফকিউ প্রকল্পের মাধ্যমে প্রকল্প গ্রহণ করে রাজস্ব তহবিল অফিস সরঞ্জাম ক্রয় ক্রয় করে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমিটি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কাউনিয়া উপজেলা পরিষদের উন্নয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । এছাড়া সকল বিষয়ে আলোচনার মাধ্যমে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০।১।২৪

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৩- ২০১/১ তারিখঃ ২৭/০২/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ..............................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
29/02/24

(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

E:\Akmol\Upzilla Rejulation\UPAZILA REJU-1.doc